ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৪৩৭

আগরতলা,২০ অক্টোবর,২০২৩

## ফুড সেফটি অ্যান্ড স্ট্যান্ডার্ডস অথরিটি অব ইন্ডিয়া অ্যাক্টস
## পশ্চিম ত্রিপুরা জেলায় সভা

পশ্চিম ত্রিপুরা জেলার প্রত্যেক খাদ্যব্যবসায়ীদের ফুড সেফটি অ্যান্ড স্ট্যান্ডার্ডস অথরিটি অব ইন্ডিয়া অ্যাক্টসের নিয়ম ও নির্দেশিকা সম্পর্কে সচেতন করে তুলতে আজ এক সভা অনুষ্ঠিত হয়। জেলাশাসকের কার্যালয়ের কনফারেন্স হলে অনুষ্ঠিত এই সভায় সভাপতিত্ব করেন জেলাশাসক ও সমাহর্তা ডা. বিশাল কুমার। পশ্চিম জেলা স্বাস্থ্য আধিকারিকের কার্যালয় এই সভার আয়োজন করে। সভায় উপস্থিত ছিলেন সিএমও ডা. রঞ্জন বিশ্বাস, ডেপুটি ফুড সেফটি কমিশনার ডা. সুপ্রতীম বীর, সদর মহকুমার মহকুমা শাসক অরূপ দেব, জিরানীয়া মহকুমার মহকুমা শাসক শান্তিরঞ্জন চাকমা, মোহনপুর মহকুমার অতিরিক্ত মহকুমা শাসক দেবযানী চৌধুরী, আগরতলা পুরনিগমের অ্যাসিস্টেন্ট মিউনিসিপ্যাল কমিশনারগণ ছাড়াও বিভিন্ন ফাস্ট ফুড, হোটেল, মিষ্টির দোকান, রেস্টুরেন্ট, বেকারি, ভেন্ডার ও বাজার কমিটির সভাপতি, সাধারণ সম্পাদকগণ।

সভায় পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ডা. বিশাল কুমার আসন্ন শারদোৎসবে দর্শনার্থী ও ক্রেতাদের কাছে স্বাস্থ্যসম্মত, গুণমানসম্পন্ন ও সতেজ খাদ্যদ্রব্য সরবরাহের জন্য ব্যবসায়ীদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, দুর্গাপূজা সকলের কাছে আনন্দের উৎসব। খাদ্যে যাতে ভেজাল না থাকে তা ব্যবসায়ীদের লক্ষ্য রাখতে হবে। স্বল্প লাভে ভালো খাবার সরবরাহ করতে হবে। একবার ব্যবহৃত ভোজ্যতেল বার বার ব্যবহার করা যাবে না। তিনি বলেন, উৎসবের মরশুম সংবেদনশীল। তাই রান্নার আগে ভালোভাবে হাত ধুয়ে নিতে হবে। প্রয়োজনে হাতে গ্লাভস ব্যবহার করতে হবে। একবার ব্যবহারযোগ্য প্লাস্টিক ব্যবহার করা যাবে না। প্রয়োজনে ক্রেতারা সঙ্গে ব্যাগ নিয়ে আসবেন। জেলাশাসক বলেন, খাদ্যে ভেজাল করলে তা প্রতিরোধে ব্যবসায়ী প্রতিষ্ঠান পরিদর্শন করা হবে। প্রয়োজনবোধে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে। ক্রেতাদের উদ্দেশ্যে তিনি বলেন, বড় সমস্যা হলে স্বাস্থ্য দপ্তরে জানান। প্রশাসন ব্যবস্থা নেবে।

সভায় পশ্চিম জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা. রঞ্জন বিশ্বাস বলেন, পুজোর পর বিভিন্ন বাজারে খাদ্য নিরাপত্তার বিষয়ে ব্যবসায়ীদের নিয়ে সেমিনারের আয়োজন করা হবে। বক্তব্য রাখেন ডেপুটি ফুড সেফটি কমিশনার ডা. সুপ্রতীম বীর ও অন্যান্য আধিকারিকগণ। আলোচনায় অংশ নিয়ে উপস্থিত ব্যবসায়ী প্রতিনিধিগণ খাদ্য নিরাপত্তা আইন মেনে চলার জন্য জেলা প্রশাসনকে আশ্বাস দেন।

*****